দৈনিক সংবাদ

তারিখ 12 JUN 1989
পৃষ্ঠা 5 কলাম 1

ডকুমেন্টেশন কেন্দ্র

108

## উত্তরায় সরকারী স্কুল ও কলেজ চাই

সম্প্রতি শিক্ষাসচিব জনাব হেদায়েত আহমদ গভর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুলের অনুরূপ দু'টি সরকারী হাইস্কুল রাজধানী ঢাকায় স্থাপন করা হবে বলে ঘোষণা করেছেন। আমরা সরকারের এই সিদ্ধান্তকে স্বাগত জানাই। উত্তরা মডেল টাউন ক্রমশ: ঢাকা শহরের একটি গুরুত্বপূর্ণ আবাসিক এলাকা হিসেবে গড়ে উঠছে। এই এলাকায় বসবাসকারীদের মধ্যে রয়েছেন শিল্পপতি, ব্যবসায়ী, চাকরিজীবী, ডাক্তার, প্রকৌশলী, শিক্ষাবিদ, সাংবাদিকসহ বিভিন্ন পেশার জনসাধারণ। যারা বাড়ী ভাড়া করে থাকেন তাদের একটা বিরাট অংশ এখন উত্তরায় বসবাস করছেন। কিন্তু দুঃখের বিষয় জনসংখ্যানুপাতে এই এলাকায় শিক্ষা সুবিধা নেই বললেই চলে। উত্তরায় সরকারী উদ্যোগে স্কুল/কলেজ স্থাপন করা হবে এমন কোন সিদ্ধান্তের কথা আমাদের জানা নেই। অথচ এধরনের শিক্ষা প্রতিষ্ঠানের অভাবে এই এলাকায় ছাত্রছাত্রীরা অসুবিধা ভোগ করছে।

এ অবস্থার প্রেক্ষিতে উত্তরা মডেল টাউনে সরকার কর্তৃক ঘোষিত দু'টি স্কুলের একটি গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল স্থাপনের জন্য আমরা সরকারের নিকট জোর দাবী জানাচ্ছি। এ ছাড়া অত্র আবাসিক এলাকায় বসবাসরত বিপুলসংখ্যক অধিবাসীর কথা মনে রেখে এবং এলাকার গুরুত্ব বিবেচনা করে একটি সরকারী কলেজ স্থাপনের জন্যও আমরা সদাশয় সরকারের নিকট দাবী জানাচ্ছি।

ইরফানুল কবীর
উত্তরা মডেল টাউন, ঢাকা।

## পরীক্ষার তারিখ পিছাবেন না

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ কলেজসমূহে ১৯৮৭ সনের সনাতন পদ্ধতির সম্মান পরীক্ষা আগামী ২রা জুলাই তারিখে অনুষ্ঠিত হতে যাচ্ছে। যথাসময়ে পরীক্ষা অনুষ্ঠিত না হওয়ার কারণে আমরা ইতিমধ্যেই নিদারুণ ক্ষতির সম্মুখীন হয়েছি। তাছাড়া পরীক্ষার তারিখ পিছানো হলে সেশনজট দূর করার উদ্যোগ বাস্তবায়ন সম্ভব নয়। আমরা পরীক্ষার তারিখ পিছানোর যে কোন প্রচেষ্টার বিরোধী।

এমতাবস্থায়, ঘোষিত সময়সূচী অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

শুভ্র ভৌমিক, রতন, ছবি, ইতি
এবং রীনা রাণী ঘোষ,
ব্যবস্থাপনা বিভাগ,
সরকারী আনন্দমোহন কলেজ,
ময়মনসিংহ।